# সরিষা-বোরো শস্যক্রম

অধিক লাভজনক প্রযুক্তি

ফ্যাক্টশীটঃ ধান ভিত্তিক শস্যবিন্যাস

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## শস্যক্রমের উপকারিতা

সেচ সুবিধাসম্পন্ন মাঝারি নিচু জমিতে শুধু বোরো (ব্রি ধান২৮/ব্রি ধান২৯) ধানের চাষ হয়ে থাকে। বোরো ধান রোপণের আগে জমি পতিত না রেখে সরিষা চাষ করে অতিরিক্ত ফসল হিসেবে ১ বিঘা জমিতে প্রায় ১২০-১৫০ কেজি (প্রায় ৩.০-৪ মন) সরিষা উৎপাদন করা যায়।

## শস্যক্রম চাষের উপযুক্ত এলাকা

সেচ নির্ভর যে সব মাঝারি নিচু জমি বর্ষা মৌসুমে ৯০ সেমি হতে ১৮০ সেমি (প্রায় ৩-৬ ফুট) গভীরতায় প্লাবিত হয় সে সব এলাকার জন্য সরিষা (টরি৭/বারি সরিষা৯) - বোরো (ব্রি ধান২৮/ব্রি ধান২৯) শস্যক্রমটি অত্যন্ত উপযোগী।

## চাষ পদ্ধতি

| ফসল | বপন সময় | রোপণ সময় |
|---|---|---|
| সরিষা | ২০-২৫ কার্তিক | - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - |
| বোরো | ২০-২৫ অগ্রহায়ণ | ১৫ পৌষের মধ্যে ব্রি ধান২৯ এবং ৩০ পৌষের মধ্যে ব্রি ধান২৮ |

- ধান চাষের অন্যান্য প্রয়োজনীয় কার্যাবলী স্বাভাবিক নিয়মে করতে হবে।
- সরিষার জন্য জমি তৈরির শেষ চাষের সময় ১ বিঘা জমিতে ১২ কেজি ইউরিয়া, ২০ কেজি টিএসপি, ৯ কেজি এমওপি এবং ১৫ কেজি জিপসাম মাটির সাথে মিশিয়ে দিতে হয়। গাছে ফুল আসার সময় ১২ কেজি ইউরিয়া উপরিপ্রয়োগ করে প্রয়োজনে সেচ দিতে হবে।



সরিষা বোরো ধান

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কার্তিক | অগ্রহায়ণ | পৌষ | মাঘ | ফাল্গুন | চৈত্র | বৈশাখ | জৈষ্ঠ্য | আষাঢ় | শ্রাবন | ভাদ্র | আশ্বিন | |
| অক্টো | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টো |

ফসল উৎপাদন পঞ্জিকা

**আরো তথ্যের জন্য ঃ**
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd